2[illegible] 56

আজকের কাগজ

তারিখ ... 2-8 MAR 1995 ...
পৃষ্ঠা ৬ কলাম ২

# কুমিল্লা শিক্ষা বোর্ডের অধীন রেজিস্ট্রেশনের পরও প্রতিবছর গড়ে ২০ হাজার পরীক্ষার্থী অংশ নেয় না

কুমিল্লা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষায় রেজিস্ট্রেশন করার পরও প্রতিবছর গড়ে ২০ হাজারের ও বেশি ছাত্র-ছাত্রী পরীক্ষায় অংশ নেয় না। এর মধ্যে মাধ্যমিক পরীক্ষায় অংশ না নেয়া পরীক্ষার্থীর সংখ্যা গড়ে ১৩ হাজার ১শ' ১০ জন এবং উচ্চ মাধ্যমিক পরীক্ষায় গড়ে ৭ হাজার ৬শ' ৫২ জন। কুমিল্লা শিক্ষা বোর্ডের ১৯৮৫ সাল থেকে ১৯৯৪ সাল পর্যন্ত পরিসংখ্যান থেকে এ তথ্য জানা গেছে। পরিসংখ্যান থেকে জানা যায়, এ সময়ে মাধ্যমিক শ্রেণীতে ১ লাখ ৩১ হাজার ৯৬ জন এবং উচ্চ মাধ্যমিক পর্যায়ে ৭৬ হাজার ৫শ' ১৯ জন পরীক্ষা দেয়নি। অবশ্য সেন্টার পরিবর্তনের জন্যে ডাবল রেজিস্ট্রেশন এর মধ্যে রয়েছে। ১৯৯৩ সালে সবচে' বেশি সংখ্যক পরীক্ষার্থী অংশ নেয়নি। ঐ বছর ৬৬ হাজার ৬শ' ৬৫ জন মাধ্যমিক ও ৪২ হাজার ২শ' ৮২ জন উচ্চ মাধ্যমিক পরীক্ষায় অংশ নেয়নি। পরীক্ষা না দেয়ার এ প্রবণতা সবচে' কম ছিলো ৮৭ এবং ৮৮ সালের উচ্চ মাধ্যমিক পরীক্ষায়। এ সংখ্যা ছিলো যথাক্রমে ১শ' ৩০ ও ১ হাজার ২শ' ৪৯ জন।' কুমিল্লা থেকে খায়রুল আহসান মানিক।